



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

নং- এসএসসি রেজিঃ/২০২২/৭৫৬

তারিখঃ ৩০/১০/২০২৩ খ্রিঃ

### জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানের ২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত (২০২৪ সালে এস.এস.সি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা প্রসঙ্গে।

\*\* শুধুমাত্র কেন্দ্র সচিবগণ সংশ্লিষ্ট কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠান সমূহের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত (২০২৪ সালে এস.এস.সি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখে বিতরণ করা হবে।

\*\* বিতরণের স্থান ও সময় : অত্র বোর্ডের ১ নং ভবনের (নিচ তলায়) কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

তারিখ	বার	জেলার নাম
০২/১১/২০২৩	বৃহস্পতিবার	ময়মনসিংহ
০৫/১১/২০২৩	রবিবার	জামালপুর, শেরপুর
০৬/১১/২০২৩	সোমবার	নেত্রকোণা

১। আবেদন পত্রের সাথে স্বীকৃতি নবায়ন, কমিটি, বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা, কৃষি, গার্হস্থ্য বিজ্ঞান, হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের অনুমতি পত্র আনতে হবে।

২। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার পূর্বে কেন্দ্রসচিবগণ তাদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের নিকট থেকে স্কাউট ফি সংগ্রহ করে রশিদ আনতে হবে এবং অত্র বোর্ড অফিসের (১ নম্বর) ভবনের নিচ তলায় শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে ২০২৩ সালের স্কাউট ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৩। কেন্দ্র সচিবগণ রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পৌঁছাবেন। প্রতিষ্ঠান প্রধানগণ রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরণের ভুল থাকলে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্তির ০৭ দিনের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশোধন করা না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাঃ  
(ড. মোঃ দিদারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ৭৫৬ (৭)

তারিখঃ ৩০/১০/২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. পি এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধ সহ)
৭. অফিস কপি।



সাখাওয়াত হোসেন

রেজিস্ট্রেশন সংক্রান্ত (মাধ্যমিক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
(সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক)  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।